

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৪০২  
আগরতলা, ০২ জানুয়ারী, ২০১৮।

মন্ত্রিসভার বৈঠকে বিভিন্ন সিদ্ধান্ত

আজ মন্ত্রিসভার বৈঠকে রাজ্যের বিভিন্ন চা-বাগানে কর্মরত শ্রমিক-কর্মচারীদের ন্যূনতম দৈনিক মজুরী ১০৫ টাকা থেকে বাড়িয়ে ১৭৬ টাকা করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। অপ্ৰাপ্তবয়স্ক শ্রমিকদের ক্ষেত্রে দৈনিক মজুরী হবে ৮৮ টাকা। মন্ত্রিসভার বৈঠক শেষে মহাকরণে সাংবাদিকদের এ সংবাদ জানান তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী ভানুলাল সাহা। তিনি জানান, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের ৬২ জন অনিয়মিত কর্মচারীকে নিয়মিত করার ক্ষেত্রে তাদের বয়স ও শিক্ষাগত যোগ্যতায় এককালীন ছাড় দেওয়া হবে। এর মধ্যে গ্রুপ-সি কর্মচারী রয়েছেন ২১ জন এবং গ্রুপ-ডি কর্মচারী রয়েছেন ৪১ জন। ত্রিপুরা সিভিল সার্ভিস এবং ত্রিপুরা পুলিশ সার্ভিস রেগুলেশান্স-এর ১৪তম সংশোধন করা হয়েছে আজকের মন্ত্রিসভার বৈঠকে। এছাড়া, হাইকোর্টে কর্মরত নির্দিষ্ট পোশাক পরিধানকারী কর্মচারীদের রোব অ্যালাউন্স বাড়িয়ে প্রতি তিন বছর অন্তর ৪৫০০ টাকা করা হয়েছে বলে তিনি জানান।

\*\*\*\*\*